

## আল-মুনাফিকুন | Al-Munafiqun | الْمُنَافِقُونَ

আয়াতঃ ৬৩ : ১১

### আরবি মূল আয়াত:

وَلَن يُؤَخِّرَ اللَّهُ نَفْسًا إِذَا جَاءَ أَجْلُهَا ۖ وَاللَّهُ خَيْرٌ بِمَا تَعْمَلُونَ

( ۱۱ )

### A | ✎ অনুবাদসমূহ:

আর আল্লাহ কখনো কোন প্রাণকেই অবকাশ দেবেন না, যখন তার নির্ধারিত সময় এসে যাবে। আর তোমরা যা কর সে সম্পর্কে আল্লাহ সম্যক অবহিত। — আল-বায়ান

আল্লাহ কাউকে কক্ষনো অবকাশ দেন না যখন তার নির্ধারিত সময় এসে যায়। তোমরা যা কর সে সম্পর্কে আল্লাহ পুরোপুরি খবর রাখেন। — তাইসিরুল

কিন্তু নির্ধারিত কাল যখন উপস্থিত হবে, আল্লাহ তখন কেহকেও অবকাশ দিবেননা। তোমরা যা কর আল্লাহ সে সম্বন্ধে সবিশেষ অবহিত। — মুজিবুর রহমান

But never will Allah delay a soul when its time has come. And Allah is Acquainted with what you do. — Sahih International

১১. আর যখন কারো নির্ধারিত কাল উপস্থিত হবে, তখন আল্লাহ তাকে কিছুতেই অবকাশ দেবেন না। তোমরা যা আমল কর আল্লাহ সে সম্বন্ধে সবিশেষ অবহিত।

তাফসীরে জাকারিয়া

(১১) কিন্তু নির্ধারিত কাল যখন উপস্থিত হবে, তখন আল্লাহ কখনো কাউকেও অবকাশ দেবেন না। আর তোমরা যা কর, আল্লাহ সে সম্বন্ধে সবিশেষ অবহিত।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5199>

১ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন